ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩০৯৫

জিরানীয়া, ৩ অক্টোবর, ২০২৫

**জিরানীয়া মহকুমায় গান্ধী জন্মজয়ন্তী উদযাপন**

যথাযোগ্য মর্যাদায় এবং শ্রদ্ধার সঙ্গে গতকাল জিরানীয়া মহকুমায় গান্ধী জন্মজয়ন্তী উদযাপন করা হয়। মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এবং পুরাতন আগরতলার পঞ্চায়েত সমিতির সহযোগিতায় পুরাতন আগরতলার ব্লক কনফারেন্স হলে এ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী। এছাড়াও উপস্থিত ছিলেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ঝর্ণা রাণী দাস এবং ভাইস চেয়ারপার্সন মন্টি দেবনাথ, বরিষ্ঠ তথ্য আধিকারিক গৌতম দাস প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অপর্ণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়াও স্থানীয় শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

*******